দৈনিক ইত্তেফাক

তারিখ 30 AUG 2015 পৃষ্ঠা ৭ কলাম ৬

# স্কুল ফিডিং বাস্তবায়ন বিষয়ক কর্মশালা

■ কিশোরগঞ্জ (নীলফামারী) সংবাদদাতা

কিশোরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে ও আরডিআরএস-এর সহযোগিতায় দারিদ্র্যপীড়িত এলাকার স্কুল ফিডিং প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক উদ্বুদ্ধকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ১১টার দিকে প্রাথমিক শিক্ষক সমিতি ভবনে এর আয়োজন করা হয়। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাসুদুল হাসানের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. রশিদুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সিদ্দিকুর রহমান। এ সময় আরো উপস্থিত ছিলেন দীলিপ কুমার বণিক জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নীলফামারী, মো. সহিদুল ইসলাম সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মো. সহিদুল ইসলাম (উন্নয়ন) কর্মকর্তা নীলফামারী, মো. অমিনুর রহমান প্রকল্প সমন্বয়কারী আরডিআরএস এবং উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।